



নং : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৭৪.১৭.২৬৬

তারিখ : ২৬ মার্চ ২০২১ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ২৬ মার্চ ২০২১ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত "স্বাধীনতা, বঙ্গবন্ধু ও গণমাধ্যম" শীর্ষক সেমিনার ২৬ মার্চ ২০২১ খ্রি. তারিখ শুক্রবার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াদীন দপ্তরসমূহের কর্মকর্তাগণ, কমিউনিটি বেতারের প্রতিনিধি ও গণমাধ্যম কর্মীসহ মোট ১০০ জন অংশগ্রহণ করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব জনাব খাজা মিয়া এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে আলোচনায় অংশ গ্রহণ করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক জনাব মিনহাজ উদ্দিন এবং মুক্তিযোদ্ধা, লেখক ও গবেষক জনাব হারুন অর রশিদ সেমিনারে স্বাধীনতা, বঙ্গবন্ধু ও গণমাধ্যমে বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। সেমিনারটি সঞ্চালনা করেন এ ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো. নজরুল ইসলাম।

সেমিনারটির তথ্যপ্রযুক্তি এবং কারিগরি কাজের তত্ত্বাবধান করেন প্রোগ্রামার জনাব মোহা: আব্দুস সালাম।

আবদুল হান্নান
(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।